




আ.লীগের মিছিল এমপি হাসনাতের হস্তক্ষেপে এসপি আনিসুজ্জামান প্রত্যাহার



ছবি: সংগৃহীত

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে আওয়ামী লীগের ঝটিকা মিছিলের ঘটনাকে কেন্দ্র করে কুমিল্লার পুলিশ সুপার আনিসুজ্জামানকে প্রত্যাহার করা হয়েছে বলে জানা গেছে। এ ঘটনায় স্থানীয় এমপি হাসনাতের হস্তক্ষেপের অভিযোগও উঠেছে। রোববার সকালে কুমিল্লার বুড়িচং উপজেলার নিমসার এলাকায় এ মিছিল অনুষ্ঠিত হয়। স্থানীয় সূত্রে জানা যায়, কুমিল্লা দক্ষিণ জেলা আওয়ামী লীগের তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক এহেতাসামুল হাসান রুমির সমর্থনে মিছিলটির আয়োজন করেন বুড়িচং উপজেলা যুবলীগ নেতা জালাল উদ্দিন। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের নিমসার ও কোরপাই এলাকায় নেতাকর্মীরা মিছিল করেন। যুবলীগ নেতা জালাল উদ্দিন দাবি করেন, প্রায় দুই শতাধিক নেতাকর্মী এতে অংশ নেন। তবে স্থানীয়দের মতে, ভোর থেকেই বিভিন্ন স্থানে নেতাকর্মীরা জড়ো হন এবং পরে অর্ধশতাধিক ব্যক্তিকে নিয়ে মহাসড়কে মিছিল বের করা হয়।